# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নির্বাহী প্রকৌশলীর দপ্তর
চট্টগ্রাম পওর বিভাগ-২
বাপাউবো, বহদ্দারহাট, চট্টগ্রাম।
ফোন: ০৩১-৬৫০৬১২

Office of the Executive Engineer
Chittagong O&M Division-2
BWDB, Chittagong
Phone: 031-650612
E-mail: xen.ctg2@gmail.com

স্মারক নং: নিপ্র/চট্ট-২/ই-১১/ ৯০৪ তারিখ: ২৯-১১-২০২১খ্রিঃ।

**সীমিত দরপত্র পদ্ধতির (LTM) অধীন কার্য ক্রয় ও পণ্য সরবরাহের লক্ষ্যে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি/নবায়নের বিজ্ঞপ্তি**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম পওর বিভাগ-২, বাপাউবো, চট্টগ্রাম দপ্তরে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ৩(তিন) কোটি টাকার অভ্যন্তরীণ কার্য ও ২৫ লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা'র স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৪ তারিখঃ ২০-০৭-২০২০খ্রিঃ মোতাবেক ২০২১-২০২২ অর্থবছরের জন্য ঠিকাদার/সরবরাহকারি তালিকাভুক্তি/নবায়ন করা হবে। এমতাবস্থায়, অত্র দপ্তরের আওতায় সীমিত দরপত্র পদ্ধতিতে অংশগ্রহণে ইচ্ছুক ঠিকাদারগণকে ঠিকাদার/সরবরাহকারি হিসেবে তালিকাভুক্তি/নবায়নের নিমিত্ত আবেদন আহবান করা যাচ্ছে।

| | | |
|---|---|---|
| ১। | মন্ত্রণালয় | পানি সম্পদ মন্ত্রণালয়। |
| ২। | সংস্থা | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। |
| ৩। | ক্রয়কারী দপ্তর | চট্টগ্রাম পওর বিভাগ-২, বাপাউবো, চট্টগ্রাম। |
| ৪। | ক্রয়কারী দপ্তরভুক্ত জেলা | চট্টগ্রাম ও খাগড়াছড়ি। |
| ৫। | আবেদনকারীর যোগ্যতা | (১) বৈধ ট্রেড লাইসেন্স, (২) ভ্যাট ও হালনাগাদ টিআইএন সার্টিফিকেট, (৩) হালনাগাদ ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (কার্য ৩০.০০ লক্ষ টাকা এবং পণ্য ২০.০০ লক্ষ টাকা) ও ডকুমেন্টে বর্ণিত শর্তাবলী। |
| ৬। | আবেদন ফি | আবেদন ফি বাবদ ৫০০.০০ (পাঁচশত) টাকার (অফেরতযোগ্য) পে অর্ডার/ ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, চট্টগ্রাম অনুকূলে (কার্য এবং পণ্যের ডকুমেন্ট ক্রয়ে ক্ষেত্রে আলাদাভাবে আবেদন ফি দাখিল করতে হবে)। |
| ৭। | নিবন্ধন/নবায়ন ফি | তালিকাভুক্তি ফি বাবদ ৫০০০.০০ (পাঁচ হাজার) টাকা এবং নবায়ন ফি বাবদ ২০০০.০০ (দুই হাজার) টাকার (অফেরতযোগ্য) পে অর্ডার/ ব্যাংক ড্রাফট এবং 'নিবন্ধন/নবায়ন ফি' জমা দানের সময় অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর (VAT) উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, চট্টগ্রাম অনুকূলে দাখিল করতে হবে। |
| ৮। | আবেদন প্রাপ্তির স্থান | নির্বাহী প্রকৌশলীর দপ্তর, চট্টগ্রাম পওর বিভাগ-২, বাপাউবো, চট্টগ্রাম। |
| ৯। | আবেদন ফরম বিক্রয় আরম্ভের তারিখ | ০৫-১২-২০২১খ্রিঃ |
| ১০। | আবেদন জমাদানের শেষ তারিখ ও সময় | ৩১-১২-২০২১খ্রিঃ (অফিস চলাকালীন সময় পর্যন্ত)। |

উল্লেখ্য যে, Enlistment Committee আবেদনকারীদের আবেদনপত্র যাচাই-বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতাবান।

২৯.১১.২০২১
(নাহিদ-উজ-জামান খান)
নির্বাহী প্রকৌশলী
পরিচিতি নং- ৮৫০১০৫০০১

স্মারক নং: নিপ্র/চট্ট-২/ই-১১/ ৯০৪ /১(৯) তারিখ: ২৯ -১১-২০২১খ্রিঃ।

সদয় অবগতি/অবগতির জন্য অনুলিপি (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১। প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্টগ্রাম।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম পওর সার্কেল, বাপাউবো, চট্টগ্রাম।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, পানি ভবন, লেভেল-৬ (৭মতলা), ৭২ গ্রীন রোড, ঢাকা-১২১৫।
৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, লেভেল-৯ (১০ম তলা), ৭২ গ্রীন রোড, ঢাকা-১২১৫। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত জাতীয় ও আঞ্চলিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৫। সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, লেভেল-৬ (৭মতলা), ৭২ গ্রীন রোড, ঢাকা-১২১৫। নোটিশটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
৬। উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, চট্টগ্রাম।
৭। প্রাক্কলনিক, অত্র দপ্তর।
৮। নোটিশ বোর্ড।
৯। নথির কপি।

ডায়েরী নং ৯২৮ তারিখঃ ৫/১২/২২
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
অফিস সহকারী
সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা

জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
নথিতে রাখুন
তাগিদ পত্র দিন

২৯.১১.২০২১
নির্বাহী প্রকৌশলী
চট্টগ্রাম পওর বিভাগ-২
বাপাউবো, চট্টগ্রাম।